

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৩৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮

০১ জুন ২০২১

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক "২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন" প্রকল্পের আওতায় গাজীপুর জেলার ধীরাশ্রম মৌজায় ০৫ একর জমি অধিগ্রহণের অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪৪.৯৯.০০৮.২০২০-১৫৬ তারিখঃ ০১/০৩/২০২১ খ্রি

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক "২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় গাজীপুর জেলাস্ব সদর উপজেলার ধীরাশ্রম মৌজায় সর্বমোট ০৫ (পাঁচ) একর জমি অধিগ্রহণের অনাপত্তি পত্রের জন্য আবেদন করেছে। আবেদনকৃত জমির মৌজাভিত্তিক তফসিল নিম্নরূপঃ

ক্র. নং	খতিয়ান নং	দাগ নং	প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	জমির শ্রেণী
১	৩০৫	১৮৮২	০.৫৮	নাল
২	১৭,৬১২	১৮৯৩	২.২৮	নাল
৩	৮৯১	১৮৯৫	০.২৬	নাল
৪	৬১২,১০৩৩	১৮৯৭	০.৫৯	নাল
৫	১১৫	১৯১৭	০.১৭	নাল
৬	৫০৩, ৭৯১	১৮৯২	০.২০	নাল
৭	৮৯২	১৮৯৪	০.২২	নাল
৮	৫৩	১৮৯৬	০.৪৬	নাল
৯	৮৮৯	১৯১৬	০.০৪	নাল
১০	৫২১	১৯২১	০.২০	নাল

তদু প্রেক্ষিতে উক্ত এলাকার সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রস্তাবিত জমির অভ্যন্তরে বর্তমানে ৮ ফুট প্রশস্ত পাকা রাস্তা আছে, পূর্ব পার্শ্বে টিন সেট ও কাঁচা বাড়ী আছে, দক্ষিণ পার্শ্বে কাঁচা বাড়ী একটি ছোট পুকুর আছে। প্রস্তাবিত জমির আরএস-১৮৯৩ নাম্বার দাগের অভ্যন্তরে একটি পরিত্যক্ত মাটির তৈরী ঘর ও সদ্য নির্মিত সেমি পাকা তিনটি ঘর আছে। আরএস-১৮৯৭ নাম্বার দাগের ভিতরে কয়েকটি টিনের ঘর ও একটি ছোট পুকুর আছে। (সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০১; Google Map, সংযুক্তি-০২)।

RAJUK এর Detail Area Plan (DAP) পর্যালোচনা করে (Group-A) দেখা যায় জায়গাটির প্রস্তাবিত ভূমি ব্যবহার Agricultural Zone হিসেবে চিহ্নিত আছে (সংযুক্তি-৩)। রাজউক কর্তৃক ৫ একর ভূমি অধিগ্রহণে জনস্বার্থে অনাপত্তি প্রদান করা হয়েছে, (সংযুক্তি-০৪)।

এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক "২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের জন্য

প্রস্তাবিত দাগে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ৫.০ একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।


### শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) প্রস্তাবিত সাইটে বিদ্যমান জলাধার (Water Body) বিনষ্ট বা ভরাট না করে উহা সংরক্ষণ করতে হবে;
- (৩) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৪) রাজউক এর Landuse Plan আর.এস মৌজার উপরে প্রস্তুতকৃত বিধায় এই অনাপত্তি পত্রে ভূমি ব্যবহারজনিত জটিলতায় আর.এস ম্যাপই বিবেচ্য হবে।
- (৫) পরিবেশ অধিদপ্তর এর অনাপত্তি পত্র সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

### সংযুক্তি

০১. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন
০২. প্রস্তাবিত এলাকার Google Map
০৩. DAP এর প্রস্তাবিত ভূমি ব্যবহারের উপর প্রস্তাবিত এলাকা চিহ্নিত ম্যাপ।
০৪. রাজউক এর অনাপত্তিপত্র
০৫. জমির মৌজাভিত্তিক তফসিল
০৬. প্রকল্পের স্থান চিহ্নিত পূর্বক মৌজা ম্যাপ



১-৬-২০২১

আহমেদ আখতারুজ্জামান  
সিনিয়র প্ল্যানার

প্রকল্প পরিচালক, ২৩ টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট  
স্থাপন শীষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৩৮/১(৫)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮  
০১ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১-৬-২০২১

মোঃ সাইফুর রহমান

প্ল্যানার